

১০ বোর্ডের ছয়টিতেই এগিয়ে মেয়েরা

পার্থ সারথি দাস >

পাসের হার বিবেচনায় এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় কারিগরি শিক্ষা ও মাদ্রাসাসহ ১০টির মধ্যে ছয়টি বোর্ডেই ছেলের চেয়ে ভালো ফল অর্জন করেছে মেয়েরা। বোর্ডগুলো হলো ঢাকা, রাজশাহী, যশোর, বরিশাল, দিনাজপুর ও কারিগরি শিক্ষা বোর্ড। এগুলোর মধ্যে কারিগরি শিক্ষা বোর্ডে মেয়েরা সবচেয়ে এগিয়ে। এ বোর্ডে ছেলের চেয়ে ৩.৯ শতাংশ বেশি পাস করেছে মেয়েরা। মেয়েদের তুলনায় ছেলেরা এগিয়ে আছে কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট ও মাদ্রাসা বোর্ডে। তবে সব বোর্ডে মিলে মেয়েদের তুলনায় ০.৭৭ শতাংশ বেশি পাস করেছে ছেলেরা। ফলাফলের পরিনাম্যান পর্যালোচনা ও বিশ্লেষণে এ তথ্য পাওয়া গেছে। শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের ধারণা, ছেলের চেয়ে মেয়েরা পড়াশোনায় বেশি মানোযোগী হয়েছে। শিক্ষা ক্ষেত্রে সরকারের বিভিন্নমুখী উদ্যোগ ও সেই সঙ্গে অভিভাবকদের সচেতন ভূমিকার কারণে মেয়েরা ভালো করছে। নারী উন্নয়নমুখী নীতি ও নারী শিক্ষায় বিনিয়োগ বেড়ে যাওয়ায় এই ইতিবাচক

অবস্থা তৈরি হয়েছে বলে মনে করছেন তাঁরা। মেয়েরা কেন এগিয়ে—জানতে চাইলে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও শিক্ষাবিদ রাশেদা কে চৌধুরী বলেন, নারী শিক্ষার গুরুত্ব পরিবার থেকে সমাজেও ব্যাপকভাবে ছড়িয়ে দেওয়া হচ্ছে। তা ছাড়া নারী শিক্ষায় সরকার ও পরিবার বিনিয়োগ করছে। ছেলের তুলনায় মেয়েরা পড়াশোনায় বেশি আন্তরিক। এনব কারণে মেয়েরা ভালো ফল অর্জন করছে। ফলাফল পর্যালোচনায় দেখা গেছে, ঢাকা, রাজশাহী, যশোর, বরিশাল ও দিনাজপুর বোর্ডে ছেলের তুলনায় মেয়েরা ভালো করেছে। পাসের হারের ক্ষেত্রে এসব বোর্ডে ছেলের চেয়ে মেয়েরা এগিয়ে আছে সর্বোচ্চ ০.৯৪ শতাংশ থেকে সর্বনিম্ন ০.১৮ শতাংশ। যশোর বোর্ডে মেয়েরা ছেলের চেয়ে ০.১৮ শতাংশ বেশি পাস করেছে। বরিশাল বোর্ডে মেয়েরা ০.৯৪ শতাংশ বেশি পাস করেছে। ঢাকা বোর্ডেও ছেলের চেয়ে মেয়েরা ০.৩৪ শতাংশ বেশি পাস করেছে। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৮৮.৮২ শতাংশ ও ছেলের

পাসের হার ৮৮.৪৮ শতাংশ। রাজশাহী বোর্ডে ০.২৩ শতাংশ মেয়ে বেশি পাস করেছে। এ বোর্ডে ৯৫.৯ শতাংশ মেয়ে ও ৯৪.৮৬ শতাংশ ছেল পাস করেছে। যশোর বোর্ডে মেয়েরা ছেলের চেয়ে ০.১৮ শতাংশ বেশি পাস করেছে। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৮৪.১২ শতাংশ। ছেলের হার ৮৩.৯৪ শতাংশ। বরিশাল বোর্ডে মেয়েরা ০.৯৪ ভাগ বেশি পাস করেছে। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৮৪.৮৪ শতাংশ। ছেলের পাসের হার ৮৩.৯০ শতাংশ। দিনাজপুর বোর্ডে মেয়েরা ০.২৩ শতাংশ বেশি পাস করেছে। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৮৫.৬২ শতাংশ। আর ছেলের পাসের হার ৮৫.৩৯ শতাংশ। যে চার বোর্ডে এগিয়ে ছেলেরা : কুমিল্লা বোর্ডে ছেলেরা মেয়েদের চেয়ে ৩.৫৭ শতাংশ বেশি পাস করেছে। চট্টগ্রামে মেয়েদের চেয়ে ছেলেরা ৩.৪৯ শতাংশ, সিলেটে বোর্ডে ২.৫ শতাংশ এবং মাদ্রাসা বোর্ডে ৩.৩ শতাংশ বেশি পাস করেছে। সামগ্রিক ফলাফলে ছেলেরা পাস করেছে ৮৭.৪১ শতাংশ এবং মেয়েরা ৮৬.৬৪ শতাংশ।